# Times Today BD

মীর খায়রুল আলম | রংপুর | 24 April, 2025

অপরিপক্ক আমে রাইসিং জাতীয় হরমোন মিশ্রিত করে পাঁকিয়ে রাজধানী সহ বিভিন্ন প্রান্তে পাঠানো কালে দেবহাটায় ১৪১ ক্যারেট আম জব্দ করেছে প্রশাসন।বৃহস্পতিবার (২৪ এপ্রিল) সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে পারুলিয়া বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আসাদুজ্জামান।

এ সময় ঢাকা গামী  রয়েল পরিবহন এ তল্লাশি করে রাইসিং হরমোন মিশ্রিত ১৪১ ক্যারেট আম উদ্ধার হয়।যা প্রায় ৩৫০০ কেজি। জানা গেছে, পরিবহনটি শুধুমাত্র আম পরিবহনের জন্য রিজার্ভ করা হয়েছিল।তবে আমের দায় কেউ স্বীকার করেনি। এমনকি ড্রাইভার ও সুপারভাইজার আমের প্রকৃত মালিককে হাজির করতে পারেনি।পরবর্তীতে আমসহ রয়েল পরিবহনের বাসটিকে জব্দ করে থানায় রাখা হয়েছে।

দেবহাটা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আসাদুজ্জামান জানান, অতিমুনফার আশায় কিছু অস্বাধু ব্যবসায়ী অপরিপক্ক আমে হরমোন মিশিয়ে তা বিক্রির উদ্দোশ্যে নিয়ে যাচ্ছিল এমন খবর পেয়ে অভিযান পরিচানা করা হয়।অভিযানকালে ১৪১ ক্যারেট আম উদ্ধার করা হয়েছে।তিনি আরো জানান, সাতক্ষীরার আমের সুনাম ধরে রাখতে এ ধরণের ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান অব্যহত থাকবে।

অভিযানকালে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার শওকত ওসমান, উপজেলা বিআরডিবি কর্মকর্তা সন্দীপ কুমার মন্ডল, সহকারী প্রোগ্রামার ইমরান হোসেন প্রমুখ।

হরমোন অপরিপক্ক আম আম জব্দ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:46

URL: https://www.timestodaybd.com/public/rangpur/2518011417